“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শাহীনুর ইসলাম<br>পরিচালক (পিএসসি) |
| সভার তারিখ | ২৯-১২-২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | অনলাইন |
| উপস্থিতি | রেকর্ডেড |

**বিষয়: পেট্রোবাংলার ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সংস্থার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে অনলাইনে সংযুক্ত পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহের জন্য প্রযোজ্য বিভিন্ন সূচকে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য দিকনির্দেশনা প্রদান করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | একটি উদ্ভাবনী ধারনা/ সেবা সহজিকরন/ ডিজিটালাইজেশন বাস্তবায়ন। | মন্ত্রিপরিষদ বিভাগের প্রণয়নকৃত ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্দেশিকা অনুসারে কর্মপরিকল্পনায় বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভায় আলোচনা হয়। একইসাথে গত ২৪-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে উল্লিখিত পেট্রোবাংলার আওতাধীন গ্যাস বিপণন কোম্পানিসমূহের নন মিটার গৃহস্থলী গ্রাহকের গ্যাস বিল নির্ধারিত থাকায় গ্রাহকের ব্যাংক হিসাব (যদি থাকে) হতে অটো ডেবিট প্রসেসে গ্যাস বিল প্রদান/জমা করার বিষয়ে আলোচনা হয়। উদ্ভাবনী ধারনা/ সেবা সহজিকরন/ ডিজিটালাইজেশন বাস্তবায়নের ক্ষেত্রে টেকশই উন্নয়ন এবং উপোযোগীতা বিবেচনা করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে একটি উদ্ভাবনী ধারনা/ সেবা সহজিকরন/ডিজিটালাইজেশন নির্ধারিত সময়ের মধ্যে পাইলটিং/ বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।<br><br>খ) নন মিটার গৃহস্থলী গ্রাহকের নির্ধারিত গ্যাস বিল গ্রাহকের ব্যাংক একাউন্ট থেকে অটো ডেবিট পদ্ধতিতে প্রদান/জমা করার বিষয়টি গ্যাস বিপণন কোম্পানিসমূহ বাস্তবায়ন করতে পারে। | ক) পেট্রোবাংলা ও সকল কোম্পানির ইনোভেশন টিম<br><br>খ) সকল গ্যাস বিপণন কোম্পানি। |
| ২। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সভা, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন। | ৪র্থ শিল্প বিপ্লব বর্তমান সময়ের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়। পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহে ৪র্থ শিল্প বিপ্লব এবং এর অন্তর্ভুক্ত উপাদান স্ব স্ব প্রতিষ্ঠানের সকলের কাছে পৌছে দিতে সভা, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং সকলে এবিষয়ে একমত পোষণ করে। | ৪র্থ শিল্প বিপ্লবের উপর সভা, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পেট্রোবাংলা ও সকল কোম্পানির ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | ইতোঃপূর্বে বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান এরূপ একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন। | পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহে সেবা সহজিকরন/ ডিজিটালাইজেশন/ উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং বর্ণিত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার মাধ্যমে দাপ্তরিক এবং নাগরিক সেবা প্রদান করা হচ্ছে মর্মে সভায় পেট্রোবাংলার পক্ষ হয়ে উপস্থাপন করা হয়। তবে উল্লেখ্য যে, এসকল কার্যক্রমসমূহ পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহে অপ্রকাশিত ও প্রচারহীন হয়ে আছে বিধায় এগুলো রেপ্লিকেশন/স্কেলিং করা হয়ে উঠেনি। এছাড়া, এসকল বাস্তবায়িত কার্যক্রমসমূহের একটি উন্মুক্ত ডাটাবেজ/ তালিকা নেই। সুতরাং পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহে ইতোঃপূর্বে বাস্তবায়িত এবং চলমান উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহ এর ইনোভেশন টিম স্ব স্ব উদ্যোগে আগামী মার্চ, ২০২৩ এর মধ্যে ইতোঃপূর্বে ভিন্ন কোন কোম্পানি/প্রতিষ্ঠানে বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান এরূপ একটি উদ্ভাবনী উদ্যোগ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিদর্শন করবে এবং পেট্রোবাংলার ইনোভেশন অফিসার বরাবর এসংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করবে। | পেট্রোবাংলা ও সকল কোম্পানির ইনোভেশন টিম |

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহীনুর ইসলাম
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.২

তারিখ: ২ মাঘ ১৪২৯
১৬ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।

২) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৩) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৯) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১০) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১২) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

১৩) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১৪) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৫) মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট), পেট্রোবাংলা, ঢাকা।

১৬) উপ-মহাব্যবস্থাপক (হিসাব), পেট্রোবাংলা, ঢাকা।

১৭) ব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।

১৮) ব্যবস্থাপক (ভিজিলেন্স), পেট্রোবাংলা, ঢাকা।

১৯) ব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), পেট্রোবাংলা, ঢাকা।

শাহনেওয়াজ পারভেজ
মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট)